

গণপ্রজাতন্ত্রী
২৩/১১/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
(www.dpe.gov.bd)

স্মারক নং: ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৮১.১৭- ৫৬৭


তারিখ: ০৬/৮/ ১৪২৪ বঙ্গাব্দ
২০/১১/ ২০১৭ খ্রি:

বিজ্ঞপ্তি

বিষয়: গণশুনানি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জনগণের সাথে নিয়মিত মত বিনিময় করছেন। নিয়মিত মত বিনিময়ের পাশাপাশি তিনি জনগণের কাছ থেকে বিভিন্ন অভিযোগ শ্রবণপূর্বক দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রতি মাসের শেষ কর্মদিবসে গণশুনানির সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে মোতাবেক এ মাসের (নভেম্বর, ২০১৭) শেষ কর্মদিবস আগামী ৩০ নভেম্বর, ২০১৭ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১০:৩০ মিনিটে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাল্টিপারপাস সম্মেলন কক্ষে গণশুনানি অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায় গণশুনানিতে অংশগ্রহণে আগ্রহীগণকে আগামী ৩০ নভেম্বর, ২০১৭ তারিখ সকাল ১০:০০ টার মধ্যে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশান সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: রাজা মিয়া)

উপপরিচালক(তদন্ত ও শৃঙ্খলা)

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক(সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ০২। প্রকল্প পরিচালক(সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ০৩। উপপরিচালক(সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর(প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ০৫। সহকারী পরিচালক(সাধারণ প্রশাসন) মাল্টিপারপাস সম্মেলন কক্ষটি প্রস্তুত রাখার অনুরোধসহ।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। অফিস নথি।